

■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২১২৩

৩৩/ ওয়াসীয়ত (كتاب الوصايا عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ ওয়ারিছানের জন্য ওয়াসীয়ত নাই।

باب ما جاء لا وصية لوارث

আরবী

حَدَّثَنَا عَلَيْ بْنُ حُجْرٍ، وَهَنَّادٌ، قَالَ حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ عَيَّاشٍ، حَدَّثَنَا شُرَحْبِيلُ بْنُ مُسْلِمٍ الْخَوَلَانِيُّ، عَنْ أَبِي أُمَّامَةَ الْبَاهِلِيِّ، قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي خُطْبَتِهِ عَامَ حَجَّةَ الْوَدَاعِ "إِنَّ اللَّهَ قَدْ أَعْطَى كُلَّ ذِي حَقٍّ حَقَّهُ فَلَا وَصِيَّةَ لِوَارِثِ الْوَلَدِ لِلْفِرَاشِ وَلِلْعَاهِرِ الْحَجَرِ وَحِسَابِهِمْ عَلَى اللَّهِ وَمَنْ ادْعَى إِلَى غَيْرِ أَبِيهِ أَوْ انْتَمَى إِلَى غَيْرِ مَوَالِيهِ فَعَلَيْهِ لَعْنَةُ اللَّهِ التَّابِعَةُ إِلَى يَوْمِ الْقِيَامَةِ لَا تُنْفِقُ امْرَأَةٌ مِنْ بَيْتٍ زَوْجَهَا إِلَّا بِإِذْنِ زَوْجِهَا" . قِيلَ يَا رَسُولَ اللَّهِ وَلَا الطَّعَامَ قَالَ "ذَلِكَ أَفْضَلُ أَمْوَالِنَا" . ثُمَّ قَالَ "الْعَارِيَةُ مُؤَدَّاهُ وَالْمِنْحَةُ مَرْدُودَهُ وَالدَّيْنُ مَقْضِيُّ وَالزَّعِيمُ غَارِمٌ" . قَالَ أَبُو عِيسَى وَفِي الْبَابِ عَنْ عُمَرِ بْنِ خَارِجَةَ وَأَنَسِ بْنِ مَالِكٍ . وَهُوَ حَدِيثُ حَسَنٍ صَحِيحٌ وَقَدْ رُوِيَ عَنْ أَبِي أُمَّامَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ غَيْرِ هَذَا الْوَجْهِ . وَرِوَايَةُ إِسْمَاعِيلَ بْنِ عَيَّاشٍ عَنْ أَهْلِ الْعِرَاقِ وَأَهْلِ الْحِجَازِ لَيْسَ بِذَلِكَ فِيمَا تَفَرَّدَ بِهِ لَأَنَّهُ رَوَى عَنْهُمْ مَنَاكِيرَ وَرِوَايَتُهُ عَنْ أَهْلِ الشَّامِ أَصَحُّ هَكَذَا قَالَ مُحَمَّدُ بْنُ إِسْمَاعِيلَ . قَالَ سَمِعْتُ أَحْمَدَ بْنَ الْحَسَنِ يَقُولُ قَالَ أَحْمَدُ بْنُ حَنْبَلٍ إِسْمَاعِيلُ بْنُ عَيَّاشٍ أَصْلَحُ حَدِيثًا مِنْ بَقِيَّةِ وَلَبَقِيَّةِ أَحَادِيثِ مَنَاكِيرِ عَنِ الثِّقَاتِ . وَسَمِعْتُ عَبْدَ اللَّهِ بْنَ عَبْدِ الرَّحْمَنِ يَقُولُ سَمِعْتُ زَكَرِيَّاً بْنَ عَدِيٍّ يَقُولُ قَالَ أَبُو إِسْحَاقَ الْفَزَارِيِّ خُذُوا عَنْ بَقِيَّةِ مَا حَدَّثَ عَنِ الثِّقَاتِ وَلَا تَأْخُذُوا عَنْ إِسْمَاعِيلَ بْنِ عَيَّاشٍ مَا حَدَّثَ عَنِ الثِّقَاتِ وَلَا عَنْ غَيْرِ الثِّقَاتِ .

বাংলা

২১২৩. হান্নাদ ও আলী ইবন হজর (রহঃ) আবু উমামা বাহলী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেনঃ

বিদায় হজের বছরে আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছিঃ "আল্লাহ তা'আলা প্রত্যেক হকওয়ালার হক দিয়েছেন। সুতরাং ওয়ারিছানের জন্য কোন ওয়াসীয়ত নাই, সন্তান হল বৈধ শয়ার আর ব্যাভিচারীর জন্য হল পাথর। আর তাদের আসল-নিকাশ হল আল্লাহর যিম্মায়। কেউ যদি পিতা ছাড়া অন্য ব্যক্তিকে পিতা বলে পরিচয় দেয় বা প্রকৃত মাওলা বা আযাদ কর্তা ব্যক্তি ছাড়া অন্য কোন ব্যক্তির প্রতি মাওলা বলে নিসবত করে তবে লাগাতার কিয়ামত পর্যন্ত আল্লাহর লান্ত পড়বে।

স্বামীর অনুমতি ব্যতিরেখে কোন মহিলা স্বামীর ঘরের কোন কিছু ব্যয় করতে পারবে না। বলা হল, ইয়া রাসূলুল্লাহ! খাদ্য সামগ্রীও নয়? তিনি বললেনঃ এতো আমাদের সর্বোৎকৃষ্ট সম্পদ। তিনি আরো বলেনঃ আরিয়াত অবশ্যই আদায়যোগ্য, দুধের জন্য দানকৃত পশু ফেরতযোগ্য খণ্ড অবশ্যই পরিশোধনীয়। যামিনদার দায়বদ্ধ থাকবে। সহীহ, ইবনু মাজাহ ২৭১৩, তিরমিজী হাদিস নম্বরঃ ২১২০ [আল মাদানী প্রকাশনী]

এ বিষয়ে আমর ইবন খারিজা, আনাস ইবন মালিক রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদীস বর্ণিত আছে। এ হাদীসটি হাসান। এ সূত্র ছাড়াও আবু উসামা রাদিয়াল্লাহু আনহু-এর বরাতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে তা বর্ণিত আছে।

ইসমাইল ইবন আয্যাশের যে সব রিওয়ায়াত ইরাক ও হিজায়বাসী থেকে একক ভাবে বর্ণিত তা গ্রহণযোগ্য নয়। কারণ তিনি এদের থেকে বহু মুনকার হাদীস বর্ণিত করেছেন। তবে শামবাসীদের বরাতে তার রিওয়ায়াতসমূহ অধিক সহীহ। মুহাম্মদ ইবন ইসমাইল (বুখারী) (রহঃ) বলেছেন, আহমাদ ইবন হাসান (রহঃ)-কে বলতে শুনেছিঃ যে, আহমাদ ইবন হাস্বাল (রহঃ) বলেছেনঃ বাকিয়ার তুলনায় ইসমাইল ইবন আয্যাশের হাল ভাল। নির্ভরযোগ্য রাবীদের থেকেও বাকিয়ার বহু মুনকার রিওয়ায়াত রয়েছে। আবদুল্লাহ ইবন আবদুর রহমান (রহঃ) বলেছেন, যাকারিয়া ইবন আদীকে বলতে শুনেছি যে, আবু ইসহাক ফায়ারী (রহঃ) বলেছেনঃ নির্ভরযোগ্য রাবীদের কাছ থেকে বাকিয়া যা বর্ণনা করেন তা তোমরা গ্রহণ কর আর ইসমাইল ইবন 'আয্যাশ নির্ভরযোগ্য বা অনির্ভরযোগ্য যাদের বরাতেই বর্ণনা করুন না কেন তা গ্রহণ করবে না।

English

Abu Ummah said:

"During the year of the Farewell Pilgrimage, I heard the Messenger of Allah (S.A.W) saying in the Khutbah: 'Indeed Allah, Most Blessed and Most High, has given the right due to everyone deserving a right. So there is no will for an heir, the child is for the bed, and for the fornicator is the stone, and their reckoning is for Allah, Most High. And whoever claims someone other than his father, or an affiliation with other than his Mawali, then upon him is the continued curse of Allah until the Day of Judgment. The wife is not to spend from her husband's house except with her husband's permission.' They said: 'O Messenger of Allah! Not even food?' He said: 'That is the most virtuous of our wealth.' And he said: 'The borrowed is to be returned, the endowment is to be refunded and the debt is to be repaid, and the guarantor is

responsible.”

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁঁজিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবু উমামাহ বাহলী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=37478>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন